

মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি।

ক্রমিক নং	সিদ্ধান্ত নং	মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১.	৮.২	গত ১৪ ফেব্রুয়ারী ২০১৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে সামরিক শাসনামলে জারিকৃত অধ্যাদেশ সমূহের আবশ্যিকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া যে-সকল অধ্যাদেশ আবশ্যিক বিবেচিত হইবে সেইগুলি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন ও পরিমার্জনক্রমে নতুন আইন আকারে বাংলা ভাষায় প্রণয়ন করিয়া যথাশীঘ্র সম্ভব মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন করিবার যেই সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছিল তৎপ্রেক্ষিতে যে-সকল মন্ত্রণালয়/বিভাগ অনুরূপ অধ্যাদেশ অদ্যাবধি অনিষ্পত্তিকৃত রহিয়াছে সেইগুলির বিষয়ে সংশ্লিষ্ট সচিবগণ আগামী পাঁচ মাসের মধ্যে দ্রুত পদক্ষেপ গ্রহণপূর্বক নিষ্পত্তি করিবেন।	মন্ত্রিসভা কমিটিতে নীতিগত অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয় এবং গত ০৫/০৩/২০১৮ তারিখে একটি সভা হয়েছে। উক্ত সভায় কিছু বিষয়ে সংশোধনের জন্য অনুরোধ করা হয়। সে মোতাবেক আইন সংশোধন পূর্বক গত ২১/০৬/২০১৮ তারিখে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। তদপ্রেক্ষিতে গত ২৭-০৮-২০১৮ তারিখে উক্ত বিষয়ে নৌপম এ একটি সভা অনুষ্ঠিত হয়। পরবর্তীতে গত ০৩-০৯-২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে মবক'র আইন, ২০১৮ এর উপর একটি সভা অনুষ্ঠিত হয়েছে। গত ১১-০৯-১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে চবক'র আইনের উপর একটি সভা অনুষ্ঠিত হয় এবং উক্ত সভায় মবক'র পক্ষ থেকে দুইজন কর্মকর্তা অংশগ্রহণ করেন। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী মবক'র আইন-২০১৮ এর প্রয়োজনীয় সংশোধনী পূর্বক গত ০৪-১১-২০১৮ তারিখে নৌপম এ প্রেরণ করা হয়েছে এবং গত ২৫-১১-২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। গত ৩১-০১-১৯ তারিখে নৌপম এর সভা কক্ষে মবক'র আইন, ২০১৯ এর বিষয়ে এক সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী কতিপয় সংশোধনী আনয়ন পূর্বক গত ১১-০২-১৯ তারিখ নৌপম এ প্রেরণ করা হয়েছে।
২.	৮.৩	মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ দাপ্তরিক কাজে বাংলা ভাষায় কম্পিউটার মুদ্রণের ক্ষেত্রে সমরূপতা নিশ্চিত করনের লক্ষ্যে বাংলা ইউনিকোড ব্যবহার করিবার সরকারি নির্দেশনা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করিবেন।	দাপ্তরিক কাজে বাংলা ভাষায় কম্পিউটার মুদ্রণের ক্ষেত্রে সমরূপতা নিশ্চিত করনের লক্ষ্যে মবকতে বাংলা ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা হয়েছে।

স্বাক্ষরিত/ ০৪-০৩-১৯
পরিচালক (প্রশাসন)